

বিধানসভা সংবাদ

এন এইচ-২০৮ এ সড়কের ডি পি আর তৈরির কাজ চলছে : মুখ্যমন্ত্রী

ধর্মনগর-কৈলাসহর-ফটিকরায়-কমলপুর-খোয়াই-আগরতলা সড়কটি তিনটি জাতীয় সড়ক এন এইচ-২০৮ এ, এন এইচ-২০৮ এবং এন এইচ-১০৮ বি-এর অন্তর্ভুক্ত। এই জাতীয় সড়কগুলির প্রশস্তিকরণ ও উন্নীতকরণের দায়িত্ব বর্তমানে কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রণালয়ের অনুমোদিত সংস্থা এন এইচ আই ডি সি এল-এর হাতে ন্যস্ত আছে।

উল্লিখিত জাতীয় সড়কগুলির মধ্যে এন এইচ-২০৮ এ (কৈলাসহর-কুর্ভি ব্রীজ, আসাম বর্ডার) সড়কটি এন এইচ আই ডি সি এল কর্তৃক ডি পি আর তৈরির কাজ চলছে। এরজন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণের কাজও হাতে নেওয়া হয়েছে। এন এইচ ২০৮ কৈলাসহর (কীর্তনতলি)-ফটিকরায় (রাজনগর)-মানিকভান্ডার (কমলপুর)-খোয়াই-তেলিয়ামুড়া অংশ সড়কটি এন এইচ আই ডি সি এল কর্তৃক ডি পি আর চূড়ান্ত করা হয়েছে। বর্তমানে এই সড়কটির জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ, বনভূমি হস্তান্তর ইত্যাদির কাজ চলছে। এন এইচ ১০৮ বি (খোয়াই-আগরতলা) : এই রাস্তাটি খোয়াই থেকে লেঙ্গুছড়া হয়ে এম বি বি এয়ারপোর্ট (আগরতলা) পর্যন্ত ডাবল লেন এবং এম বি বি এয়ারপোর্ট (আগরতলা) থেকে আমতলী (কুড়িপুকুর) পর্যন্ত চারলেনে উন্নীতকরণের জন্য রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে। কেন্দ্রীয় মন্ত্রক রাজ্য সরকারের এই সিদ্ধান্ত অনুযায়ী রাস্তাটি উন্নীতকরণের সম্মতি দিয়েছে এবং এন এইচ আই ডি সি এল কর্তৃপক্ষকে ডি পি আর তৈরি করার জন্য বলা হয়েছে। আজ রাজ্য বিধানসভায় প্রশ্নোত্তর পর্বে বিধায়ক দিলীপ কুমার দাস, বিধায়ক আশীষ কুমার সাহা, বিধায়ক তপন চক্রবর্তী ও বিধায়ক ভগবান চন্দ্র দাসের প্রশ্নের লিখিত উত্তরে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এই তথ্য জানিয়েছেন। অপর প্রশ্নের লিখিত উত্তরে মুখ্যমন্ত্রী জানান, খোয়াই-কমলপুর-ফটিকরায় সড়কটি জাতীয় এন এইচ-২০৮ এ-এর একটি অংশ। এর প্রশস্তিকরণ এবং উন্নীতকরণের দায়িত্ব কেন্দ্রীয় ভূতল ও পরিবহণ মন্ত্রণালয়ের অনুমোদিত সংস্থা এন এইচ আই ডি সি এল-এর হাতে ন্যস্ত আছে। রাস্তাটির প্রশস্তিকরণ এবং উন্নীতকরণের জন্য ডি পি আর চূড়ান্ত করা হয়েছে। বর্তমানে এই সড়কটির জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ, বনভূমি হস্তান্তর ইত্যাদি চূড়ান্তকরণের কাজ শেষ পর্যায়ে আছে। এই কাজটি রূপায়ণের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান এন এইচ আই ডি সি এল-এর ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক পরিকল্পনায় রাখা হয়েছে। জমি অধিগ্রহণ, বনভূমি হস্তান্তর ইত্যাদি কাজ দ্রুত সম্পন্ন করে বর্তমান অর্থ বছরে এই রাস্তাটির প্রশস্তিকরণ এবং উন্নীতকরণের জন্য এন এইচ আই ডি সি এল কর্তৃক দরপত্র আহ্বান করা হবে বলে আশা করা হচ্ছে। মুখ্যমন্ত্রী শ্রীদেব জানান, এন এইচ-২০৮ কৈলাসহর (কীর্তনতলী)-ফটিকরায় (রাজনগর)-মানিকভান্ডার (কমলপুর)-খোয়াই-তেলিয়ামুড়া অংশ জাতীয় সড়কটির জমি অধিগ্রহণ, বনভূমি হস্তান্তর ইত্যাদির কাজ দ্রুত সম্পন্ন করে বর্তমান অর্থ বছরে প্রশস্তিকরণ এবং উন্নীতকরণের জন্য এন এইচ আই ডি সি এল কর্তৃক দরপত্র আহ্বান করা হবে বলে আশা করা হচ্ছে।